# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.৪৫ মারা যাওয়ার পরক্ষণে অভিভাবকদের করণীয় - ১৭৭. মারা যাওয়ার পর কী কী কাজ করতে হয়?

মৃতের জন্য নিম্নবর্ণিত কাজগুলো সম্পন্ন করা আবশ্যক:

১. তার চোখ দুটো বন্ধ করে দেওয়া এবং তার জন্য বার বার দুআ করা। (মুসলিম: ৯২০)।

২. মুখ গহ্বর খোলা থাকলে বন্ধ করে দেওয়া। প্রয়োজনে দুই চিবুক চেপে কোন কিছু দিয়ে বেঁধে দেওয়া।

৩. একটি (চাদর বা এ জাতীয় কোন) কাপড় দিয়ে তার সারা শরীর ঢেকে দেওয়া। (বুখারী: ৫৩৬, ৫৮১৪) তবে হজ্জ বা উমরা পালনের সময় ইহরামরত অবস্থায় মারা গেলে সেক্ষেত্রে তার মাথা ও মুখ ঢাকবে না। (বুখারী: ১২৬৫, ১২৬৬, ১৭১৯)

৪. দ্রুত দাফনের ব্যবস্থা করা।(বুখারী: ১৩১৫, ১২৩১, মুসলিম: ৯৪৪)

৫. যে দেশে (যে শহরে বা যে গ্রামে) মারা যাবে সেখানেই দাফন করবে (আবু দাউদ: ১৭৪২, আল-বানীর আহকামুল জানাইয- মাসআলা নং- ১৭) দূরে কোথাও নিয়ে দাফন করার জন্য যদি অসিয়তও করে থাকে তবুও তা কার্যকরী করা উচিত নয়। (আলবানীর আহকামুল জানাইয)।

৬. যত দ্রুত সম্ভব মাইয়্যেতের ঋণ পরিশোধ করা। (ইবনে মাজাহ: ২৪৩৩) তাছাড়া নিকটাত্মীয়দের আরো ক’টি কাজ করা ওয়াজিব। সেগুলো হলো,

(ক) ধৈর্য ধারণ করা ও তাকদীরের উপর সন্তুষ্ট থাকা। (বুখারী: ১২৫২, ১২৮৩, ৭১৫৪)
(খ) “ইন্না লিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন' পড়া। (সূরা ২; বাকারা ১৫৬)।
(গ) স্বামীর জন্য ৪ মাস ১০ দিন শোক পালন করতে হবে।(বুখারী: ১২৮০, ৫৩৩৪) তবে সন্তান বা অন্য কোন আপনজন মারা গেলে সর্বোচ্চ ৩ দিন শোক পালন করতে পারবে। এর বেশি জায়েয নেই ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13332

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন